

১১২৭	২০/৫/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.০২.১০১.১৯.৪০২

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩০

০৫ জুন ২০২৩

বিষয়: যাকাত বোর্ড শিশু হাসপাতাল, টঙ্গী, গাজীপুর-এর মেরামত ও সংস্কার কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

সূত্র: উপ পরিচালক, এর স্মারক স্মারক নং-১৬.০১.৩৩০০.০২২.১৪.০০১.২২/১০৯৯ তারিখঃ ২৪/০৪/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে খরচ করার জন্য ১৫.০০ লক্ষ (পনের লক্ষ) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে উপ-পরিচালক (ভারপ্রাপ্ত), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ১টি চেকের মাধ্যমে ন্যস্তকৃত ১৫.০০ লক্ষ, যার চেক নং CB100 7337012 তারিখ-১৮.০৪.২০২৩ খ্রিঃ, সোনালী ব্যাংক লিমিটেড, জয়দেবপুর শাখা, গাজীপুর হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন যথাযথভাবে পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহঃ

- প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
- বরাদ্দকৃত অর্থ খরচের হিসাব অত্র দপ্তরের/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- অনুগ্রহপূর্বক প্রাপ্তি-স্বীকার প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ চেক নং- CB100 7337012 তারিখ-১৮.০৪.২০২৩ খ্রিঃ

সোনালী ব্যাংক লিমিটেড, জয়দেবপুর শাখা, গাজীপুর।

টাকা=১৫.০০ লক্ষ টাকা

৫-৬-২০২৩

মোঃ মাহাবুব হাসান